


স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র



কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলিকাতা- ৭০০০১৪

প্রেস বিবৃতি (২১.০৮.২০২৫)

গতকাল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কারমাইকেল হোস্টেলের কিছু ছাত্রকে বাংলা ভাষায় কথা বলার দরুন 'বাংলাদেশী' দাগিয়ে তাদের ওপর চড়াও হয় একদল হিন্দিভাষী ব্যবসায়ী। বিগত বেশ কয়েকদিন ধরেই বাংলার বাইরের বিভিন্ন রাজ্যে বাংলা ভাষায় কথা বলার দরুন একইভাবে 'বাংলাদেশী' তকমা দিয়ে বাঙালিদের ওপর আক্রমণ করা হচ্ছে। বাদ যায়নি এ রাজ্যের পরিযায়ী শ্রমিক থেকে এ রাজ্য থেকে বাইরের রাজ্যে পড়তে যাওয়া ছাত্রছাত্রীরাও। এই রাজ্যে এখনও পর্যন্ত বিভিন্ন কলেজগুলোতে স্নাতকের ক্লাস শুরু হয়নি, প্রকাশিত হয়নি জয়েন্ট এন্ট্রান্সের রেজাল্ট, ডাক্তারিতে ভর্তিও বিশ বাঁও জলে। ফলত রাজ্যে একটা বড় অংশের ছাত্রছাত্রীকে বাইরে যেতে হচ্ছে পড়াশোনার জন্য। এমতাবস্থায়, খোদ এ রাজ্যের বুকেই কলিকাতা শহরে রাজ্যের উচ্চশিক্ষার প্রাণকেন্দ্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ওপর আক্রমণের এরূপ ঘটনা বিস্ময়কর!

উক্ত ঘটনায় দুষ্কৃতিদের বিরুদ্ধে এফআইআর করতে গেলে প্রাথমিকভাবে অভিযোগ গ্রহণ করতে চায়নি মুচিপাড়া থানা। ছাত্রদের অবস্থানের পর মুচিপাড়া থানা প্রশাসন বাধ্য হয় অভিযোগ গ্রহণ করতে। ঘটনায় যে দুজন দুষ্কৃতিকে গ্রেফতার করা হয়েছে, তারা ওই এলাকার তৃণমূলের কাউন্সিলরের ঘনিষ্ঠ বলে জানা গিয়েছে।

আরএসএস বিজেপির একভাষিক ভারত গড়ার যে ষড়যন্ত্র, সেই ষড়যন্ত্রে সামিল আরএসএসের আঁতুরঘরে বেড়ে ওঠা এ রাজ্যের তৃণমূল সরকার! তৃণমূল প্রত্যক্ষ মদতে তাদের পোষ্য দুষ্কৃতি, সমাজবিরোধীদের দ্বারা আরএসএসের একভাষিক ভারতের অ্যাজেন্ডার বাস্তবায়ন ঘটাচ্ছে এ রাজ্যের মাটিতে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ওপর আক্রমণের এই ঘটনায় ভারতের ছাত্র ফেডারেশন কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি তীব্র নিন্দা জানায়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত ছাত্রছাত্রীদের এহেন ঘটনার তীব্র প্রতিবাদে সামিল হতে আহ্বান জানানো হচ্ছে।

প্রিয়ান্বিতা ঘোষ
সভাপতি

অমিত কুমার ঘোষ
সম্পাদক